স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(গোপনীয় শাখা)
www.netrokona.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২০০.০০১.১৬.০১০.২৩- ২০৮

তারিখ: ২৫ জুন ২০২৩ খ্রি.

বিষয়:- কেন্দুয়া উপজেলাধীন চিরাং ইউনিয়ন পরিষদ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন।

গত ১৪ জুন ২০২৩ খ্রি. তারিখ কেন্দুয়া উপজেলাধীন চিরাং ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব কাবেরী জালাল, উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা, জনাব মো. রাজিব হোসেন, সহকারী কমিশনার (ভূমি), কেন্দুয়া, নেত্রকোণা ও জনাব মোঃ নিয়াজ মাখদুম, সহকারী কমিশনার (গোপনীয়)ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ এনামুল কবীর খান ও পরিষদের সদস্যগণ এবং ইউনিয়ন সচিব জনাব হাবিবুর রহমান উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন।

১. ইউনিয়ন পরিষদ

কেন্দুয়া উপজেলাধীন চিরাং ইউনিয়নের পূর্বে মোজাফরপুর ইউনিয়ন, উত্তরে কেন্দুয়া পৌরসভা, পশ্চিমে পাইকুড়া ও রোয়াইলবাড়ি ইউনিয়ন এবং দক্ষিণে পাইকুড়া ইউনিয়ন অবস্থিত। এ ইউনিয়নের আয়তন ২১.০১৪ বর্গ কিলোমিটার। গ্রাম- ১৫টি, মৌজা-১৩টি, হাট-বাজার ০২টি, শিক্ষা প্রতিষ্ঠান ২০টি। ইউনিয়নের মোট লোক সংখ্যা ২১,৬৬২ জন, তন্মধ্যে পুরুষ ১০,৭৪২ জন এবং মহিলা ১০,৯২০ জন। জেলা যোগাযোগ ব্যবস্থা সড়কপথ। ইউনিয়নের পাঁকা সড়ক ২০কিলোমিটার, কাঁচা সড়ক ৬০ কিলোমিটার। নলকূপ গভীর ৮০টি, অগভীর ২৫৬০টি।

মন্তব্য: ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ইউনিয়নের সকল তথ্য সংরক্ষণ করতে হবে। স্যানিটেশন কমিটিকে সক্রিয় করে কার্যক্রম গতিশীল এবং স্যানিটেশন সম্পর্কিত তথ্য সংযোজন করতে ইউপি চেয়ারম্যানকে পরামর্শ দেওয়া হলো।

২. পরিদর্শন রেজিস্টার

পরিদর্শন রেজিস্টার পরীক্ষা করে দেখা যায় যে, জনাব জিয়া আহমেদ সুমন, উপপরিচালনক স্থানীয় সরকার, নেত্রকোণা কর্তৃক গত ২১.১০.২০২২ খ্রি. তারিখে এ ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন যথাযথভাবে সংরক্ষণ করা হয় এবং প্রতিবেদনের উপর কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

মন্তব্য: পূর্বের পরিদশন প্রতিবেদনসহ এই পরিদর্শনে নির্দেশিত বিষয়সমূহ বাস্তবায়ন করার পর রেজিস্টারে লিপিবদ্ধ করে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের জন্য ইউপি সচিবকে পরামর্শ দেওয়া হলো।

৩. বর্তমান ইউনিয়ন পরিষদ

বর্তমান ইউপি চেয়ারম্যান জনাব মোঃ এনামুল কবীর খান, সাং-ছিলিমপুর, ইউনিয়ন-চিরাং, কেন্দুয়া, নেত্রকোণা। শিক্ষাগত যোগ্যতা এইচএসসি। ইউনিয়ন পরিষদের জমির পরিমাণ ০.০৪ একর। ইউনিয়ন পরিষদের নিজস্ব কমপ্লেক্স ভবনে ১২ টি কক্ষের পাঁকা বিল্ডিং-এ পরিষদের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বর্তমান চেয়ারম্যান গত ০৮.০৩.২০২২ খ্রি. তারিখে শপথ গ্রহণ করেন ও ১৩.০৩.২০২২ খ্রি. তারিখে প্রথম সভা অনুষ্ঠিত হয়। ইউপি সদস্যগণের তথ্য নিম্নরূপ:

| ক্রম | নাম ও পদবি | পরিষদের নবনির্বাচিত / পুনঃনির্বাচিত | শিক্ষাগত যোগ্যতা | জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব সাথী আক্তার, সদস্যা | নবনির্বাচিত | এসএসসি | ২৫.১০.১৯৯৬ | |
| ২. | জনাব সাবিনা আক্তার, সদস্যা | নবনির্বাচিত | এইচএসসি | ৩১.১২.১৯৯৩ | |
| ৩. | জনাব মিতু আক্তার, সদস্যা | নবনির্বাচিত | ৮ম শ্রেণী | ১৯.০৫.১৯৮৫ | |
| ৪. | জনাব বিল্লাল মিয়া, সদস্য | নবনির্বাচিত | ৮ম শ্রেণী | ০৪.০৩.১৯৮২ | |
| ৫. | জনাব মিজানুর রহমান, সদস্য | নবনির্বাচিত | এইচএসসি | ১২.১২.১৯৯২ | |
| ৬. | জনাব জুয়েল মিয়া, সদস্য | নবনির্বাচিত | ৫ম শ্রেণী | ১৬.০৩.১৯৭০ | |
| ৭. | জনাব সোহাগ মিয়া, সদস্য | নবনির্বাচিত | ৫ম শ্রেণী | ১২.০৩.১৯৮৫ | |
| ৮. | জনাব স্বপন মিয়া, সদস্য | নবনির্বাচিত | ৫ম শ্রেণী | ০২.০৪.১৯৮২ | |
| ৯. | জনাব আব্দুল ওয়াহাব, সদস্য | নবনির্বাচিত | ৫ম শ্রেণী | ০৮.১১.১৯৭২ | |
| ১০. | জনাব আব্দুর রহিম, সদস্য | নবনির্বাচিত | ৫ম শ্রেণী | ০৫.০৪.১৯৫৩ | |
| ১১. | জনাব রংগু মিয়া, সদস্য | নবনির্বাচিত | ৫ম শ্রেণী | ০৪.০৫.১৯৬৬ | |
| ১২. | জনাব হান্নান মিয়া, সদস্য | পুন: নির্বাচিত | ৮ম শ্রেণী | ০২.০৩.১৯৭৯ | |

স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং ও মূল্যায়ন শাখা
ডায়রী নং-১৭৭
তারিখ- ১৬/৭/২৩

৪. জনবল পরিস্থিতি

(ক) বর্তমান সচিব সম্পর্কিত তথ্য:

| নাম | শিক্ষাগত যোগ্যতা | জন্ম তারিখ | চাকুরিতে যোগদানের তারিখ | বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ | কী কী বিষয়ের/কোর্সের উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং তার মেয়াদ |
|---|---|---|---|---|---|
| মোঃ হাবিবুর রহমান | এম,এ | ০১.০৩.১৯৭২ | ০৫.০৫.১৯৯৮ | ১৮.০৪.২০০৭ | বুনিয়াদি প্রশিক্ষণ ০৫ দিন |

(খ) গ্রাম পুলিশের বিবরণ:

| ক্রম | পদের নাম | মঞ্জুরিকৃত পদের সংখ্যা | কর্মরত সংখ্যা | শূন্যপদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | দফাদার | ০১ | ০১ | - | - |
| ২. | গ্রাম পুলিশ | ০৯ | ০৯ | - | - |

(গ) গ্রাম পুলিশের সদস্যগণ সপ্তাহে একদিন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং থানায় হাজিরা দেয়।

৫. কর্মচারীদের হাজিরা বহি

এ অফিসে দু'টি হাজিরা খাতা সংরক্ষণ করা হচ্ছে। ইউপি সচিবের হাজিরা বহি ০১.০১.২০১৯ খ্রি. তারিখ ও গ্রাম পুলিশের হাজিরা বহি ০১.০১.২০১৯ খ্রি. তারিখে নির্ধারিত ফরমে খোলা হয়েছে এবং যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। পরীক্ষান্তে দেখা যায় যে, ইউপি সচিব ও গ্রাম পুলিশের সদস্যগণ নিয়মিত হাজিরা বহিতে স্বাক্ষর প্রদান করছেন। চেয়ারম্যান গত ৩১.০৫.২০২৩ খ্রি. তারিখে হাজিরা বহি পরীক্ষা করেন।

মন্তব্য: অফিসে নিয়মিত উপস্থিতি এবং হাজিরা বহিতে স্বাক্ষর করার বিষয়টি নিশ্চিত করার জন্য চেয়ারম্যানকে পরামর্শ দেওয়া হলো।

৬. সভা অনুষ্ঠান

রেজিস্টারটি পরীক্ষান্তে দেখা যায় যে, ২০২২-২৩ অর্থ বছরে ১১টি সাধারণ সভা, ০১টি বিশেষ সভা ও ০১টি বাজেট সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণীতে উপস্থিত সকল সদস্যের স্বাক্ষর গ্রহণ করা হয়েছে। ইউনিয়ন পরিষদের মাসিক সভা প্রতি মাসের ২৫ তারিখ অনুষ্ঠিত হয়। সদস্যদের হাজিরা আলাদা রেজিস্টারে সংরক্ষণ করা হয়।

মন্তব্য: সভার সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট বহিতে লিপিবদ্ধ এবং নিয়মিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার পরামর্শ প্রদান করা হলো।

৭. নথি ব্যবস্থাপনা

সচিব ও গ্রাম পুলিশদের পৃথকভাবে ব্যক্তিগত নথি খোলা হয়েছে। ইউপি সচিবের ব্যক্তিগত নথি ও সার্ভিস বুক স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা-তে সংরক্ষণ করা হচ্ছে এবং গ্রাম পুলিশের ব্যক্তিগত নথি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংরক্ষণ করা হচ্ছে।

মন্তব্য: ইউপি সচিব ও গ্রাম পুলিশদের নথি যথাযথভাবে সংরক্ষণের জন্য সংশ্লিষ্টদের পরামর্শ দেওয়া হলো।

৮. সাধারণ ক্যাশ বহি ও ভাউচার ফাইল

চেয়ারম্যান কর্তৃক প্রত্যায়নকৃত ক্যাশ বহিটি পরীক্ষান্তে দেখা যায় যে, পূর্বের মোট জমা ৫,৬৩,৩১৯ টাকা, ব্যয় ৪,৩৬,৬৬২/- টাকা। ব্যয় শেষে বর্তমান স্থিতির পরিমাণ ১,২৬,৬৫৭ টাকা। ক্যাশ বহিটি ইউপি সচিব ও চেয়ারম্যানের যৌথ স্বাক্ষরে পরিচালিত হচ্ছে।

মন্তব্য: পরিষদের আয়-ব্যয়ের অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে বিধিসম্মতভাবে লেনদেন করার জন্য এবং ভাউচার ফাইল সঠিকভাবে সংরক্ষণের জন্য ইউপি সচিব ও চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

৯. গ্রাম আদালতের কার্যক্রম

গ্রাম আদালত সংক্রান্ত রেজিস্টারটি পরীক্ষান্তে দেখা যায় যে, ১৪.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত গ্রাম আদালতে মোট মামলার সংখ্যা ০৬টি । তন্মধ্যে ০৬টি মামলা সালিশীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে ও বর্তমানে কোনো মামলা পেন্ডিং নাই।

মন্তব্য: নতুন আগত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

১০. ভিজিডি কর্মসূচি

| রেজিস্টারের নাম | রেজিস্টার খোলার তারিখ | কার্ডের সংখ্যা (ওয়ার্ড) | | | | | | | | | ইউনিয়নে মোট কার্ডের সংখ্যা | বর্তমানে কত জন কার্ডধারী আছে |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১নং | ২নং | ৩নং | ৪নং | ৫নং | ৬নং | ৭নং | ৮নং | ৯নং | | |
| ১ | ২ | ৩(ক) | ৩(খ) | ৩(গ) | ৩(ঘ) | ৩(ঙ) | ৩(চ) | ৩(ছ) | ৩(জ) | ৩(ঝ) | | |
| ভিজিডি রেজিস্টার | ০১.০১.২০২৩ | ১৭ | ৪ | ২৭ | ১১ | ৫ | ২১ | ১০ | ২১ | ১০ | ১২৬ | ১২৬ |

১১. ভিজিডি রেজিস্টার

ভিজিডি কার্ডধারী সুবিধাভোগী সংখ্যা মোট ১২৬ জন। বর্তমানে ২৭২ জন সুবিধাভোগীদের তথ্যাদি ও ছবি ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়ন করে রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে। স্টক রেজিস্টার পরীক্ষান্তে দেখা যায় যে, প্রতি মাসে ৩.৭৮০ মে.টন ভিজিডি খাদ্যশস্য ট্যাগ অফিসার জনাব মো: আলা উদ্দিন এর উপস্থিতিতে ১২৬ জন কার্ডধারীর মধ্যে মাস্টারোলের মাধ্যমে বিতরণ করা হচ্ছে।

মন্তব্য: ভিজিডি বিধিসম্মতভাবে বিতরণ ও রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

১২. বিভিন্ন হিসাবের নাম

চিরাং ইউনিয়ন পরিষদের অনুকূলে নিম্নবর্ণিত ব্যাংক হিসাব পরিচালিত হচ্ছে:

| হিসাবের শিরোনাম | হিসাব নম্বর | ব্যাংকের নাম | তারিখ | স্থিতি |
|---|---|---|---|---|
| ইউনিয়ন উন্নয়ন তহবিল | ১২৬৯ | সোনালী ব্যাংক লি: | ৩১.০৫.২০২৩ | ১০,৩৭,৭৮০/- |
| সাধারণ তহবিল | ৪২৮৮ | অগ্রণী ব্যাংক লি: | ৩১.০৫.২০২৩ | ১,২৬,৬৫৭/- |

মন্তব্য: পরিষদের আয়-ব্যয়ের কার্যক্রম বিধি সম্মতভাবে করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কে পরামর্শ দেওয়া হলো।

১৩। সরকারি অনুদান (প্রাপ্তি ও ব্যয়)

| খাতের নাম | অর্থ বছর | অর্থ বরাদ্দ | ব্যয়িত অর্থ | অব্যয়িত অর্থ | মোট প্রকল্প | সমাপ্ত প্রকল্প | অসমাপ্ত প্রকল্প | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| এলজিএসপি | ২০২০-২১ | ১,৫৪,৬৭,৭০২/- | ১,৫৪,৬৭,৭০২/- | - | ৩৫ | ৩৫ | - | |
| | ২০২১-২২ | ১,৩১,৭৩,১৩১/- | ১,৩১,৭৩,১৩১/- | - | ৩০ | ৩০ | - | |
| | ২০২২-২৩ | ১,৪৫,২৭,৫৯৬/- | ১,৩৪,৯৬,৮১৬/ | ১০৩০৭৮০/- | ৩৪ | ২৭ | ৭ | |

মন্তব্য: ২০২২-২৩ অর্থবছরের প্রকল্প অসমাপ্ত থাকার বিষয়ে যুক্তিসংগত ব্যাখ্যা দাখিলসহ অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্নের জন্য ইউপি চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হলে।

১৪. ট্যাক্স ধার্যকরণ ও আদায় সংক্রান্ত

ট্যাক্স ধার্যকরণ ও আদায় সম্পর্কিত রেজিস্টার পরীক্ষান্তে দেখা যায় যে, ২০২২-২৩ অর্থবছরের কর ধার্যকরণ সম্পন্ন করা হয়েছে। ইউনিয়নে মোট খানার সংখ্যা ৫৪৮৩ টি। চলতি অর্থ বছরে ধার্যকৃত মোট করের পরিমাণ ৬,১৫,০০০/- টাকা তন্মধ্যে আদায়ের পরিমাণ ৩,০১,৬৮৪/- টাকা।

মন্তব্য: আদায় কার্যক্রম জোরদারকরণের পদক্ষেপ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করা হলো।

১৫. জন্ম-মৃত্যু সংক্রান্ত রেজিস্টার

অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম চলমান। ০১ জানুয়ারি ২০২৩ খ্রি. হতে ১৪ জুন ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ২৬২৩ জনের জন্মনিবন্ধন ও ১৫২ জনের মৃত্যু নিবন্ধন হয়েছে। এ পর্যন্ত মোট ৩৫,৬৯৬ জনের জন্ম নিবন্ধন ৪৬৯ জনের মৃত্যু নিবন্ধন করা হয়েছে।

মন্তব্য: সকল শিশুদের জন্মনিবন্ধন ও মৃত ব্যক্তিদের মৃত্যু নিবন্ধন অব্যশই নিশ্চিত করতে হবে। গ্রাম পুলিশদের মাধ্যমে তথ্য সংগ্রহ করে জন্ম ও মৃতের তথ্যাদি সঠিকভাবে রেজিস্টারে অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য চেয়ারম্যান এবং ইউপি সচিবকে পরামর্শ দেওয়া হলো।

১৬. ইউনিয়ন ডিজিটাল সেন্টার

ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করা হয়। উদ্যোক্তা জনাব মোঃ শহিদুল্লাহ ও জনাব মুক্তা মণি ইউডিসিতে উপস্থিত ছিলেন। উক্ত কেন্দ্রে থেকে নিয়মিত জনসাধারণকে তথ্যপ্রযুক্তির বিভিন্ন সেবা প্রদান করা হয় মর্মে উদ্যোক্তাগণ জানান। ইউডিসিকে আরও গতিশীল করার লক্ষ্যে বাইরে বিলবোর্ড স্থাপন করতে হবে। ইউডিসি'র উপকরণের বিবরণ নিম্নরূপ:

বিদ্যমান সরঞ্জামাদি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ডেস্কটপ কম্পিউটার | : | ০৫টি | স্ক্যানার | : | ০৪ টি |
| ল্যাপটপ | : | ০৬টি | সোলার প্যানেল | : | ০১ টি |
| প্রিন্টার | : | ০৪টি | মডেম | : | ০২ টি |
| ওয়েবক্যাম | : | ০২টি | ডিজিটাল ক্যামেরা | : | ০১ টি |
| আইপিএস | : | - | প্রজেক্টর | : | ০২টি |

ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সন্তোষজনক। ইউডিসিকে আরও গতিশীল করার লক্ষ্যে বাইরে বিলবোর্ড প্রদর্শনসহ জনগণকে অবহিত করার জন্য ব্যাপক প্রচার চালাতে হবে।

**সার্বিক মন্তব্য:** ইউনিয়ন পরিষদের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। পরিদর্শনের পরামর্শ/নির্দেশনা মোতাবেক ইউডিসিকে আরও গতিশীল করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পরিষদে ব্যবহৃত রেজিস্টারসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ এবং গ্রাম আদালত কার্যক্রম, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম, বৃক্ষরোপন কর্মসূচি, যৌতুক নিরোধ কার্যক্রম, বাল্যবিবাহ নিরোধ কার্যক্রম, আইনশৃঙ্খলা রক্ষা, পরিবার পরিকল্পনা ও বিবাহ রেজিস্ট্রেশন কার্যক্রম গতিশীল করার পদক্ষেপ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

২৫.০৬.২৩

(অঞ্জনা খান মজলিশ)
জেলা প্রশাসক
নেত্রকোণা।
ফোন-০২৯৯৬৬-৫১৬৩৪
E-mail-dcnetrokona@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা।

স্মারক নং-০৫.৪৫.৭২০০.০০১.১৬.০১০.২৩-২০৮ তারিখ: ২৫ জুন ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যাথে প্রেরণ করা হলো:-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা।
৫. চেয়ারম্যান, চিরাং ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
৬. অফিস কপি।

২৫.০৬.২৩

জেলা প্রশাসক
নেত্রকোণা।